

বিশেষ
সংগ্রহযোগ্য
সংখ্যা
২০০/-
জল
জঙ্গল
সংরক্ষণের জন্য শেষ পর্যন্ত
VOL-9 • জানুয়ারি ২০২০
কভার স্টোরি। পাখি। জল। জঙ্গল। প্রজাতি। পতঙ্গ

আপনার পরিবেশ ভাবনার মুখপত্র
বাংলাভাষার বন পরিবেশ সংরক্ষণ বিষয়কপত্রিকা


সম্পাদকীয় ৪

## কভার স্টোরি

সাত বনের বাঘ ৯১

## জল

মাগুরি বিল ২৬
লোক নদী ভুলুং ৩১
ওয়েট ল্যান্ডস—কিছু তথ্য বিনিময় ৬৭




প্রচ্ছদের ছবি ঃ চন্দ্রশেখর কুণ্ডু


## পাখি

৫ সারস
১১ দুই ময়ূরের লড়াই
৯ রাজ ধনেশ
১৬ জল ময়ূর
১৮ গ্রেট থিক-নী
২১ ওরিয়েন্টাল ডোয়ার্ফ কিংফিশার
২৩ চশমা পাখি
২৪ কোকিলের ছানা ও শালিক

## জঙ্গল

৭৮ প্রসঙ্গ সুন্দরবন
৬৩ রণথম্ভোর ন্যাশনাল পার্ক
৩৭ নূর-এ- রণথম্ভোর
৫৭ মানস অভয়ারণ্য

## পতঙ্গ

৫২ টাইগার বিটল
৪৬ প্রজাপতিরা যেভাবে পুষ্টি পায়


## প্রজাতি

৫১ রেড টেল্ড ব্যাম্বু পিট ভাইপার
৪০ কাণ্ডবিহীন খেজুরগাছ
৮৮ থামদারার বুনো ফুল
৪২ পক্ ও মান্নার উপসাগরের সমুদ্র সজারু

## বিশেষ নিবন্ধ

৫৪ অরণ্যদেব চিন্নাপ্পা


১৯, ২০, ৭৫, ৭৬ প্রকৃতির অ্যালবাম

Eurasian Wryneck
ছবি ঃ পদ্মনাভ সাঁতরা

# সারস

লেখা ও ছবি ঃ অরিজিৎ ব্যানার্জী



# রাজ ধনেশ

লেখা ও ছবি ঃ সৈকত ঘোষ




এছাড়াও পার্শ্ববর্তী ডিব্রু-সাইখোয়া জাতীয় উদ্যান থেকে মাঝে মধ্যেই কোনো কোনো পাখি মাগুরিতে চলে আসে। সাধারণভাবে অক্টোবরের শেষ থেকে পরিযায়ী পাখিদের আগমন শুরু হয়ে যায়। কেউ বা আসে লাদাখ থেকে, কেউ সুদূর সাইবেরিয়া থেকে, কেউ বা ইউরোপের সুদূর প্রান্ত থেকে। যখন মিশমি পাহাড়ে বরফ পড়ে; আর ঠাণ্ডা হাওয়ার কেঁপে ওঠে বিলের ঘাসবন তখন বিলে যেন পরিযায়ী পাখিদের মেলা বসে যায়। হিমালয়ের উত্তুঙ্গ শৃঙ্গকে হেলায় পার করে দল বেঁধে এসে হাজির হয় Bar Headed Goose-এর দল। রাজকীয় ভঙ্গিমায় সারাদিন বিলের নানা প্রান্তে ঘুরে বেড়ায়। জোড়ায় জোড়ায় ঘুরে পরস্পরের প্রতি অনুরাগ দেখায় Ruddy Shelduck, Red Crested Pochard। কখনও ডানায় প্রবল শব্দ করে উড়ে যায় Lesser Whistling Duck বা Cotton Pigmy Goose-এর দল। Red Crested Pochard, Eurasian Wigeon, Gadwall, Tufted Duck-রা বিলের সর্বত্র ঝাঁক বেঁধে ঘুরে বেড়ায়। কচুরিপানার ওপর সন্তর্পণে পা ফেলে হেঁটে বেড়ায়। কাম পাখি বালিতে সারাদিন কি যেন খুঁটে বেড়ায় Sandpiper বা Little Ringed Plover-রা। কখনও আচমকাই দেখা মিলতে পারে কচুরিপানার আড়ালে Falcated Duck বা Baikal Teal-এর।

মাগুরি বিলের একটি অবিচ্ছেদ্য অঙ্গ হল বিস্তীর্ণ ঘাসবন। প্রবল বর্ষায় যখন লোহিত নদীর জল ডিব্রু নদীর মাধ্যমে বিলে প্রবেশ করে তখন পার্শ্ববর্তী ঘাসবনও প্লাবিত হয়। জল নেমে যাওয়ার পর জমে থাকা পলিমাটির জন্যে ঘাসবন আরও ঘন ও বিস্তৃত হয়। এই লম্বা, উঁচু ঘাসবনে রয়েছে Jerdon's Babbler, Marsh Babbler-এর মতো পাখি যারা



Wood Sandpiper



Chestnut-capped Babbler